



সোনালী ব্যাংক লিমিটেড

উদ্ভাবনী ব্যাংকিং এ আপনার বিশ্বস্ত সঙ্গী

www.sonalibank.com.bd

পাবলিক রিলেশনস্ ডিভিশন

প্রধান কার্যালয়,
৩৪-৪৪, মতিঝিল বা/এ,
ঢাকা-১০০০, বাংলাদেশ।
ফোন : ৯৫৫৯৫৬৮

প্রেস রিলিজ

তাং- ১১ জুন, ২০২০ ইং

সোনালী ব্যাংকের কর্মকর্তা-কর্মচারীদের স্বাস্থ্য সুরক্ষায় ইউনিভার্সেল মেডিকেল কলেজ হাসপাতালের সাথে সমঝোতা চুক্তি স্বাক্ষরিত

সোনালী ব্যাংক লিমিটেডের সকল পর্যায়ের নির্বাহী ও কর্মকর্তা-কর্মচারী এবং তাঁদের পরিবারের সদস্যগণের স্বাস্থ্যসেবা সুরক্ষার আওতায় এবং কর্পোরেট স্বাস্থ্যসেবা নিশ্চিত করার লক্ষ্যে বৃহস্পতিবার ব্যাংকের প্রধান কার্যালয়ে সোনালী ব্যাংক লিমিটেড ও রাজধানীর মহাখালির ইউনিভার্সেল মেডিকেল কলেজ হাসপাতাল (সাবেক আয়েশা মেমোরিয়েল হাসপাতাল, মহাখালি) এর মধ্যে এক দ্বিপাক্ষিক কর্পোরেট স্বাস্থ্য সেবা চুক্তি সম্পন্ন হয়। চুক্তির আওতায় সোনালী ব্যাংক লিমিটেড এর সকল পর্যায়ের নির্বাহী, কর্মকর্তা-কর্মচারী ও তাঁদের পরিবারের সদস্যগণ এখন থেকে এই হাসপাতালে বিশেষ ছাড়ে ও অগ্রাধিকার ভিত্তিতে কোভিড-১৯ চিকিৎসা সহ সকল প্রকার চিকিৎসা সেবা পাবেন। সোনালী ব্যাংকের সিইও এ্যান্ড ম্যানেজিং ডিরেক্টর মোঃ আতাউর রহমান প্রধান এবং ইউনিভার্সেল মেডিকেল কলেজ হাসপাতালের ম্যানেজিং ডিরেক্টর ডা. আশীষ কুমার চক্রবর্তী স্ব স্ব প্রতিষ্ঠানের পক্ষে চুক্তিতে স্বাক্ষর করেন। চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন সোনালী ব্যাংকের ডেপুটি ম্যানেজিং ডিরেক্টরবৃন্দ, জেনারেল ম্যানেজারবৃন্দ এবং ইউনিভার্সেল মেডিকেল কলেজ হাসপাতালের চেয়ারম্যান ও এফবিসিসিআই এর পরিচালক প্রীতি চক্রবর্তী সিআইপিসহ উভয় প্রতিষ্ঠানের উর্ধ্বতন নির্বাহীবৃন্দ।